

রাশিয়ায় শিক্ষাবৃত্তি বাড়ানোর আঙ্গান স্পিকারের

নিজস্ব প্রতিবেদক •

রাশিয়ার সঙ্গে বাংলাদেশের ব্যবসা-বাণিজ্যের ক্ষেত্র এখন অনেক সম্প্রসারিত হয়েছে উল্লেখ করে জাতীয় সংসদের স্পিকার ও সিপিএ চেয়ারপারসন ড. শিরীন শারমিন চৌধুরী বাংলাদেশের শিক্ষার্থীদের জন্য রাশিয়ায় শিক্ষাবৃত্তির সংখ্যা বাড়ানোর আঙ্গান জানিয়েছেন। গতকাল সেন্ট পিটার্সবার্গের তাভিরিকি প্যালেসে রাশিয়ান ফেডারেশনের ফেডারেল অ্যাসেম্বলির স্পিকার ও ইন্টার পার্লামেন্টারি অ্যাসেম্বলি অব দ্য কমনওয়েলথ অব ইন্ডিপেন্ডেন্ট স্টেটসের (আইপিএ সিআইএস) চেয়ারপারসন ভালেস্তিনা মাতভিয়েংকোর সঙ্গে বৈঠকে করেন স্পিকার। এ সময় তিনি রাশিয়ান ফেডারেশনের স্পিকারকে এ কথা বলেন। গতকাল জাতীয় সংসদ সচিবালয় থেকে পাঠানো বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বৈঠকে স্পিকার বাংলাদেশের গ্যাসক্ষেত্র আবিষ্কার ও উত্তোলনে রাশিয়ার সহযোগিতা বৃদ্ধিরও আঙ্গান জানান। এছাড়া দুদেশের সংসদীয় কার্যক্রমকে গতিশীল করার জন্য সংসদীয় প্রতিনিধি বিনিময়ের ওপরও গুরুত্বারোপ করেন।

স্পিকার মুক্তিযুদ্ধে রাশিয়ার সহায়তার কথা কৃতজ্ঞতার সঙ্গে স্মরণ করে বলেন, বাংলাদেশ ও রাশিয়ার মধ্যে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক ঐতিহাসিক। তিনি বাংলাদেশের বর্তমান আর্থ-সামাজিক উন্নয়নের বিভিন্ন দিক তুলে ধরে বলেন, বাংলাদেশের এ উন্নয়নের ধারাবাহিকতা অক্ষুণ্ণ রাখতে বিদ্যুৎ-জ্বালানিসহ অন্যান্য ক্ষেত্রে রাশিয়ার আন্তরিক সহযোগিতা প্রয়োজন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা-যোষিত ১০০টি বিশেষ অর্থনৈতিক অঞ্চলে গ্যাস ও বিদ্যুতের বর্ধিত চাহিদা পূরণে রাশিয়ার সহযোগিতা একান্ত প্রয়োজন।